গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
www.ddm.gov.bd
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.২৩.১৪১ তারিখ: ৩১ বৈশাখ ১৪৩০
১৪ মে ২০২৩

বিষয়: **দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।**

**১। আবহাওয়ার সতর্কবার্তা:**

**আবহাওয়ার বিশেষ বিজ্ঞপ্তিঃ ক্রমিক নম্বর ২০ (বিশ), তারিখ: ১৪.০৫.২০২৩খ্রিঃ (ভিত্তি: ১২০০ বিএসটি)**

উত্তর-পূর্ব বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় অবস্থানরত অতি প্রবল ঘূর্ণিঝড় "মোখা"(ECP: 955 HPA) উত্তর-উত্তরপূর্ব দিকে অগ্রসর ও আরো ঘূণীভূত হয়ে একই এলাকায় (১৯.৭° উত্তর অক্ষাংশ এবং ৯২.৪° পূর্ব দ্রাঘিমাংশ) অবস্থান করছে। এটি আজ দুপুর ১২ টায় (১৪ মে ২০২৩) চট্টগ্রাম সমুদ্রবন্দর থেকে ২৮৫ কি.মি. দক্ষিণ-দক্ষিণপশ্চিমে, কক্সবাজার সমুদ্রবন্দর থেকে ২০০ কি.মি. দক্ষিণ-দক্ষিণপশ্চিমে, মোংলা সমুদ্রবন্দর থেকে ৪৪৫ কি.মি. দক্ষিণে এবং পায়রা সমুদ্রবন্দর থেকে ৩৪৫ কি.মি. দক্ষিণে অবস্থান করছিল। এটি বর্তমানে কক্সবাজার-উত্তর মায়ানমার উপকূল অতিক্রমরত ঘূর্ণিঝড়টির কেন্দ্র আজ (১৪ মে ২০২৩) বেলা ০৩ টা নাগাদ উপকূল এবং সম্পূর্ণ ঘূর্ণিঝড়টি সন্ধ্যা নাগাদ সিটুয়ের (মায়ানমার) নিকট দিয়ে কক্সবাজার-উত্তর মায়ানমার উপকূল অতিক্রম করতে পারে।

অতি প্রবল ঘূর্ণিঝড় কেন্দ্রের ৭৪ কি.মি. এর মধ্যে বাতাসের একটানা সর্বোচ্চ গতিবেগ ঘণ্টায় ১৬০ কি.মি., যা দমকা অথবা ঝড়ো হাওয়ার আকারে ১৮০ কি.মি. পর্যন্ত বৃদ্ধি পাচ্ছে। অতি প্রবল ঘূর্ণিঝড় কেন্দ্রের নিকটবর্তী এলাকায় সাগর খুবই বিক্ষুব্ধ রয়েছে।

কক্সবাজার সমুদ্রবন্দরকে ১০ (দশ) নম্বর মহাবিপদ সংকেত (পুনঃ) ১০ (দশ) নম্বর মহাবিপদ সংকেত দেখাতে বলা হয়েছে।

চট্টগ্রাম ও পায়রা সমুদ্রবন্দরকে ০৮ (আট) নম্বর মহাবিপদ সংকেত (পুনঃ) ০৮ (আট) নম্বর মহাবিপদ সংকেত দেখিয়ে যেতে বলা হয়েছে।

মোংলা সমুদ্রবন্দরকে ০৪ (চার) নম্বর স্থানীয় হুঁশিয়ারী সংকেত (পুনঃ) ০৪ (চার) নম্বর স্থানীয় হুঁশিয়ারী সংকেত দেখাতে বলা হয়েছে।

উপকূলীয় জেলা কক্সবাজার এবং তাদের অদূরবর্তী দ্বীপ ও চরসমূহ ১০ (দশ) নম্বর মহাবিপদ সংকেতের আওতায় থাকবে।

উপকূলীয় জেলা চট্টগ্রাম, ফেনী, নোয়াখালী, লক্ষীপুর, চাঁদপুর, বরিশাল, ভোলা, পটুয়াখালী, ঝালকাঠি, পিরোজপুর, বরগুনা এবং তাদের অদূরবর্তী দ্বীপ ও চরসমূহ ০৮ (আট) নম্বর মহাবিপদ সংকেতের আওতায় থাকবে।

কক্সবাজার, চট্টগ্রাম, ফেনী, নোয়াখালী, লক্ষীপুর, চাঁদপুর, বরিশাল, ভোলা, পটুয়াখালী, ঝালকাঠি, পিরোজপুর ও বরগুনা জেলার নদী বন্দরসমূহকে ০৪ (চার) নম্বর নৌ-মহাবিপদ সংকেত (পুনঃ) ০৪ (চার) নম্বর নৌ-মহাবিপদ সংকেত দেখাতে বলা হয়েছে।

অতি প্রবল ঘূর্ণিঝড়টির অগ্রবর্তী অংশ ও বায়ুচাপ পার্থক্যের আধিক্যের প্রভাবে উপকূলীয় জেলা কক্সবাজার ও চট্টগ্রাম এবং তাদের অদূরবর্তী দ্বীপ ও চরসমূহের নিম্নাঞ্চল স্বাভাবিক জোয়ারের চেয়ে ০৮-১২ ফুট অধিক উচ্চতার বায়ু তাড়িত জলোচ্ছাসে প্লাবিত হতে পারে।

অতি প্রবল ঘূর্ণিঝড়টির অগ্রবর্তী অংশ ও বায়ুচাপ পার্থক্যের আধিক্যের প্রভাবে উপকূলীয় জেলা ফেনী, নোয়াখালী, লক্ষীপুর, চাঁদপুর, বরিশাল, ভোলা, পটুয়াখালী, ঝালকাঠি, পিরোজপুর, বরগুনা এবং তাদের অদূরবর্তী দ্বীপ ও চরসমূহের নিম্নাঞ্চল স্বাভাবিক জোয়ারের চেয়ে ০৫-০৭ ফুট অধিক উচ্চতার বায়ু তাড়িত জলোচ্ছাসে প্লাবিত হতে পারে।

অতি প্রবল ঘূর্ণিঝড়টির প্রভাবে চট্টগ্রাম, সিলেট ও বরিশাল বিভাগে ভারী (৪৪-৮৮ মিমি) থেকে অতি ভারী (≥৮৯ মিমি) বর্ষণ হতে পারে। অতি ভারী বর্ষণের প্রভাবে কক্সবাজার, বান্দরবান, রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও চট্টগ্রামের পাহাড়ী অঞ্চলের কোথাও কোথাও ভূমিধ্বস হতে পারে।

উত্তর বঙ্গোপসাগরে অবস্থানরত সকল মাছ ধরার নৌকা ও ট্রলারকে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত নিরাপদ আশ্রয়ে থাকতে বলা হয়েছে।

**ঘূর্ণিঝড় 'মোখা' মোকাবিলায় দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক গৃহীত ব্যবস্থাঃ**

- লঘুচাপ সৃষ্টির পর থেকেই উপকূলীয় এলাকায় মানুষের মাঝে আগাম সর্তক বার্তা প্রচার করা হচ্ছে।
- দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের জাতীয় দুর্যোগ সাড়াদান সমন্বয় কেন্দ্র (এনডিআরসিসি) ২৪ ঘন্টা খোলা রয়েছে।
- এনডিআরসিসিতে মন্ত্রণালয়ের কর্মকর্তাগণকে পর্যায়ক্রমে দায়িত্ব প্রদান করা হয়েছে।
- দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের কর্মকর্তা/কর্মচারীদের সকল ধরণের ছুটি বাতিল করা হয়েছে।
- ঝুঁকিপূর্ণ সকল জেলা ও উপজেলা প্রশাসনকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।
- **মানবিক সহায়তাঃ**

বঙ্গোপসাগরে সৃষ্ট ঘূর্ণিঝড় মোখা-এর মোকাবেলায় আগাম প্রস্তুতি হিসেবে ক্ষতিগ্রস্থ মানুষদের মাঝে মানবিক সহায়ত প্রদানের লক্ষ্যে নিম্নের ছকে উল্লিখিত পরিমাণ ত্রাণ কার্য (চাল) এবং ত্রাণ কার্য (নগদ) জেলা প্রশাসক কক্সবাজার ও চট্টগ্রাম-এর অনুকূলে বরাদ্দ প্রদাণ করা হয়েছে।

| ক্রঃ নং | জেলার নাম | ত্রাণ কার্য (চাল) (মেঃটন) | ত্রাণ কার্য (নগদ) | টোস্ট বিস্কুট (মে.টন) | ড্রাই কেক(মে.টন) |
|---|---|---|---|---|---|
| ১ | কক্সবাজার | ৫০ (পঞ্চাশ) | ১০,০০,০০০ | ৩.৫০ | ৩.৪০২ |
| ২ | চট্টগ্রাম | ৫০ (পঞ্চাশ) | ১০,০০,০০০ | ৩.৫০ | ৩.৪০২ |
| ৩ | মোট= | ১০০ (একশত) | ২০,০০,০০০ | ৭.০০ | ০৬.৮০৪ |

- বঙ্গোসাগরে গভীর নিম্নচাপ এবং পরবর্তীতে সম্ভাব্য ঘূর্ণিঝড় Mocha (মোখা) সৃষ্টির প্রেক্ষিতে আগাম কার্যাবলী (Anticipatory Action) ও পরবর্তী করণীয় নির্ধারণের লক্ষ্যে আন্তঃমন্ত্রণালয় দুর্যোগ ব্যবস্থাপনা সমন্বয় কমিটির একটি সভা গত ১০ মে, ২০২৩ খ্রিঃ তারিখ বেলা ৩.৩০ ঘটিকায় অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রনালয়ের মাননীয় প্রতিমন্ত্রী ডাঃ মোঃ এনামুর রহমান এমপি।

- বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় ঘূর্ণিঝড় **'মোখা'** সৃষ্টি হওয়ায় দুর্যোগ বিষয়ক স্থায়ী আদেশাবলি ২০১৯ এর ৩.১.৯ অনুযায়ী ঘূর্ণিঝড় মোকাবিলায় প্রস্তুতিমূলক কার্যক্রম গ্রহণের লক্ষ্যে গত ১৩ মে ২০২৩ তারিখ শনিবার সকাল ১১.০০ টায় জনাব মোঃ কামরুল হাসান এনডিসি, সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের সভাপতিত্বে মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি বাস্তবায়ন বিষয়ক এক জরুরী সভা অনুষ্ঠিত হয়। ডাঃ মোঃ এনামুর রহমান এমপি, মাননীয় প্রতিমন্ত্রী, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি জনাব এ বি এম তাজুল ইসলাম এমপি। এই সভায় মন্ত্রিপরিষদ বিভাগ, স্থানীয় সরকার বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়, জননিরাপত্তা, সুরক্ষা সেবা বিভাগ, তথ্য মন্ত্রণালয়, কৃষি মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, স্পারসো, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সশস্ত্র বাহিনী বিভাগ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি, আইএফআরসি, বাংলাদেশ স্কাউটসসহ বিভিন্ন প্রতিষ্ঠানের প্রতিনিধিগণ অংশগ্রহণ করেন।
- ঘূর্ণিঝড় 'মোখা' মোকাবেলায় পূর্ব প্রস্তুতি হিসেবে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের নির্দেশে নিম্নবর্ণিত ঘূর্ণিঝড় প্রবণ জেলায় আশ্রয়কেন্দ্র খোলা হয়েছে।

আজ ১৪.০৫.২০২৩ খ্রিঃ তারিখ সকাল ১০.৩০ টা পর্যন্ত প্রাপ্ত তথ্যে ভিত্তিতে আশ্রয়কেন্দ্রের সংখ্যা এবং ধারণ ক্ষমতা

| ক্র নং | জেলা | আশ্রয়কেন্দ্রের সংখ্যা | ধারণক্ষমতা (জন) | আশ্রিত লোকসংখ্যা | মেডি: টিম চালু | আশ্রিত গবাদি পশুর সংখ্যা |
|---|---|---|---|---|---|---|
| ১ | চট্টগ্রাম | ১১৫৪ | ৫,৭০,৮৫০ | ৯৪০৭৬ | | |
| ২ | কক্সবাজার | ৭০০ | ৫,১০,০০০ | ২৩২৩৭৭ | ৯৬ | ১০৪৪৫ |
| ৩ | নোয়াখালী | ৪৬৩ | ৩,০৩,৬০০ | ৭১৫০ | ১০২ | ২৩০ |
| ৪ | ফেনী | ৭৮ | ৫৩,৮০০ | ৪৭০ | ৭৬ | ১৫৫০ |
| ৫ | লক্ষীপুর | ২৮৫ (১৮৫ স্থায়ী+ ১০০ অস্থায়ী) | ১,০৫,২৫০ | - | - | |
| ৬ | ঝালকাঠি | ৪২৭ (৬১ টি স্থায়ী+৩৬৬ টি অস্থায়ী) | ৩,৫৮,৯৭৫ | ১১৪৭ | ৪২ | |
| ৭ | বরিশাল | ৫৪১ | ২,৭০,৫০০ | | | |
| ৮ | পটুয়াখালী | ৭০৩ | ২,৫০,২৬৮ | ২১৩১ | | |
| ৯ | পিরোজপুর | ২৭৬ | ২,৭৪,০০০ | ৯৬৫ | | ১০২ |
| ১০ | বরগুনা | ৬৪২ | ২,৬৯,৫১০ | ১৭৯৪ | | ৩৮৫ |
| ১১ | ভোলা | ৭৪৬ | ৫,৬৩,৯৭৬ | ১১৭৪৩ | | ৩৪২৪ |
| ১২ | চাঁদপুর | ৩৫৩ | ১,০৩,৯৫৭ | ৬১৩১৭ | ৯ | ২২০৫ |
| ১৩ | গোপালগঞ্জ | ২২৬ | ১,০০,০০০ | | | |
| ১৪ | বাগেরহাট | ৪৪৬ | ২,৩৫,৯৭৫ | | | |
| | **মোট** | **৭০৪০** | **৩৯,৭০,৬৬১** | **৪১৪১৭০** | **৩২৫** | **২৩০২৭** |

তথ্যসূত্র : **সংশ্লিষ্ট জেলা প্রশাসন**

**২। আজ ১৪ মে, ২০২৩ খ্রিঃ তারিখ সন্ধ্যা ৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:**

খুলনা, বরিশাল, নোয়াখালী, পটুয়াখালী, চট্টগ্রাম এবং কক্সবাজার অঞ্চল সমূহের উপর দিয়ে পূর্ব/দক্ষিণ-পূর্ব দিক থেকে ঘণ্টায় ৮৯ কি.মি. অথবা তার বেশী বৃষ্টি/বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। এসব এলাকায় নদীবন্দর সমূহকে ০৪ নম্বর নৌ হুশিয়ারী সংকেত (পুনঃ) ০৪ নম্বর নৌ হুশিয়ারী সংকেত দেখাতে বলা হয়েছে।

তাছাড়া দেশের অন্যত্র পূর্ব/ দক্ষিণ-পূর্ব দিক থেকে ঘণ্টায় ৪৫-৬০ কি.মি. বেগে বৃষ্টি/বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে দমকা/ ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। এসব এলাকার নদীবন্দর সমূহকে ১ নম্বর (পুনঃ) ১ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

**৩। আজ ১৪ মে, ২০২৩ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাস:**

**সিনপটিক অবস্থা:** পূর্ব-মধ্য বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় অবস্থানরত অতি প্রবল ঘূর্ণিঝড় “মোখা” (ECP: 935 hPa) উত্তর-উত্তরপূর্ব দিকে অগ্রসর হয়ে আজ (১৪ মে ২০২৩) সকাল ০৯ টায় উত্তর-পূর্ব বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় (১৯.২ ডিগ্রী সে. উত্তর অক্ষাংশ এবং ৯১.৮ ডিগ্রী সে. পূর্ব দ্রাঘিমাংশ) অবস্থান করছে। এটি বর্তমানে কক্সবাজার-উত্তর মায়ানমার উপকূল অতিক্রম করছে। এটি আরো উত্তর-উত্তরপূর্ব দিকে অগ্রসর হয়ে আজ (১৪ মে ২০২৩) বিকাল নাগাদ সিটুয়ের (মায়ানমার) নিকট দিয়ে কক্সবাজার-উত্তর মায়ানমার উপকূল অতিক্রম করতে পারে।

**পূর্বাভাস:** ময়মনসিংহ, ঢাকা, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অধিকাংশ জায়গায় এবং রংপুর ও রাজশাহী বিভাগের অনেক জায়গায় অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়াসহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি অথবা বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেইসাথে বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগে মাঝারি ধরনের ভারি থেকে অতি ভারি বর্ষণ হতে পারে।

**তাপ প্রবাহ:** রাজশাহী, রংপুর বিভাগসহ টাঙ্গাইল, নেত্রকোনা, চুয়াডাঙ্গা ও কুষ্টিয়া জেলাসমূহের উপর দিয়ে মৃদু থেকে মাঝারি ধরনের তাপপ্রবাহ বয়ে যাচ্ছে এবং তা প্রশমিত হতে পারে।

**তাপমাত্রা:** সারাদেশে দিনের তাপমাত্রা (২-৫) ডিগ্রী সে. হ্রাস পেতে পারে এবং রাতের তাপমাত্রা (১-৩) ডিগ্রী সে. হ্রাস পেতে পারে।

**পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন):** বৃষ্টি/বজ্রসহ বৃষ্টিপাতের অব্যাহত থাকতে পারে।

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

| বিভাগের নাম | ঢাকা | রাজশাহী | রংপুর | ময়মনসিংহ | সিলেট | চট্রগ্রাম | খুলনা | বরিশাল |
|---|---|---|---|---|---|---|---|---|
| সর্বোচ্চ তাপমাত্রা | ৩৬.৫ | ৩৮.০ | ৩৮.৩ | ৩৬.৫ | ৩৪.৫ | ৩৩.২ | ৩৮.৫ | ৩১.৭ |
| সর্বনিম্ন তাপমাত্রা | ২৪.৩ | ২৩.০ | ২১.১ | ২৫.০ | ২১.১ | ২২.০ | ২৫.০ | ২৪.৫ |

গতকাল দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ডিমলা ও চুয়াডাঙ্গা ৩৮.৫° সেঃ এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা তেঁতুলিয়া ২১.১° সেঃ।
(তথ্যসূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা।

৪। অগ্নিকান্ড সম্পর্কিত তথ্যঃ

(ক) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ১২ মে, ২০২৩ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ১৩ মে, ২০২৩ খ্রিঃ তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত সারাদেশে মোট ৩৩ টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগ ভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা নিম্নরুপ:

| ক্রঃ নং | বিভাগের নাম | অগ্নিকান্ডের সংখ্যা | আহতের সংখ্যা | নিহতের সংখ্যা |
|---|---|---|---|---|
| ১। | ঢাকা | ১১ | ৫ | ০ |
| ২। | ময়মনসিংহ | ২ | ০ | ০ |
| ৩। | বরিশাল | ১ | ০ | ০ |
| ৪। | সিলেট | ১ | ০ | ০ |
| ৫। | রাজশাহী | ৩ | ০ | ০ |
| ৬। | চট্রগ্রাম | ৫ | ০ | ০ |
| ৭। | খুলনা | ২ | ০ | ০ |
| ৮। | রংপুর | ৮ | ০ | ০ |
|  | মোট | ৩৩ | ৫ | ০ |

১৪-৫-২০২৩
কামরুন নাহার
ভারপ্রাপ্ত কর্মকর্তা
ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১
ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬
ইমেইল:
controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১
এনডিআরসিসি অনুবিভাগ
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.২৩.১৪১/১(১৭২)

তারিখ: ৩১ বৈশাখ ১৪৩০
১৪ মে ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ
২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
৩) সচিব , প্রধানমন্ত্রীর কার্যালয়
৪) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
৫) মহাপরিচালক , দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৬) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
৭) বিভাগীয় কমিশনার (সকল)

৮) পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

৯) উপ-পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

১০) জেলা প্রশাসক (সকল)

১১) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

১২) প্রোগ্রামার, আইসিটি শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

১৩) জেলা ত্রাণ ও পুর্নবাসন কর্মকর্তা(সকল)

১৪) সহকারী পরিচালক , যানবাহন শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

১৪-৫-২০২৩
কামরুন নাহার
ভারপ্রাপ্ত কর্মকর্তা